



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েব সাইট: www.berc.org.bd

গণ-বিজ্ঞপ্তি

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২০.০২১

তারিখ: ২১ পৌষ ১৪২৭
০৫ জানুয়ারি ২০২১

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগের ২৫ আগস্ট ২০২০ তারিখের আদেশ অনুযায়ী লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিগিজ) এর মূল্যহার পুনঃনির্ধারণের নিমিত্ত গণশুনানি।


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণশুনানির মাধ্যমে ভোক্তাপর্যায়ে লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিগিজ) এর মূল্যহার পুনঃনির্ধারণের বিষয়ে কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নং-১৩৬৮৩/২০১৬ এর পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের ২৫ আগস্ট ২০২০ তারিখের আদেশ বাস্তবায়নের নিমিত্ত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৪) অনুযায়ী এলপিগিজ এর মূল্যহার পুনঃনির্ধারণের বিষয়ে নিম্নবর্ণিত স্থান এবং সময়সূচি অনুযায়ী গণশুনানি অনুষ্ঠিত হবে:

গণশুনানির তারিখ ও সময়	গণশুনানির বিষয়	গণশুনানির স্থান
১৪ জানুয়ারি ২০২১ সকাল ১১:০০ টা - বিকাল ০৫:০০ টা (১৪ জানুয়ারি ২০২১ তারিখে গণশুনানি সমাপ্ত না হলে প্রয়োজনে ১৭/১৮ জানুয়ারি ২০২১ তারিখে গণশুনানি অব্যাহত রাখা হবে।)	এলপিগিজ এর মূল্যহার পুনঃনির্ধারণ	শহীদ এ.কে.এম. শামসুল হক খান মেমোরিয়াল (অডিটোরিয়াম) হল বাংলাদেশ ইন্সটিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন ৬৩ নিউ ইফ্রাটন, ঢাকা ১২১৫

০২। কমিশনের ১৫ ডিসেম্বর ২০২০ তারিখে ২৮.০১.০০০০.০১২.১৭.০০১.২০.৪৩১২ নম্বর স্মারকের মাধ্যমে জারীকৃত গণ-বিজ্ঞপ্তি অনুযায়ী তালিকাভুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা উল্লিখিত তারিখে অনুষ্ঠিত গণশুনানিতে অংশগ্রহণপূর্বক এলপিগিজ এর মূল্যহার পুনঃনির্ধারণ বিষয়ে বিশ্লেষণধর্মী তথ্য-উপাত্ত ও সংশ্লিষ্ট দলিলাদি উপস্থাপন করতে পারবেন।

০৩। নির্ধারিত গণশুনানিতে অংশগ্রহণ বা উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

কমিশনের নির্দেশক্রমে,


মো: রফিকুল ইসলাম

সচিব, বিইআরসি।